# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু, জানাযা, দুআ, যিকর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১১. গায়েবানা জানাযা আদায় করা

যে মৃতব্যক্তির মৃত্যুর স্থানে একবার জানাযার সালাত আদায় করা হয়েছে তার জন্য পুনরায় ‘গায়েবী জানাযা’ আদায় করার পক্ষে কোনোরূপ হাদীস বর্ণিত হয় নি; বরং এ কর্মটি সুন্নাত বিরোধী একটি কর্ম। ‘‘এহইয়াউস সুনান’’ গ্রন্থে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি।[1]

নিজামউদ্দীন আউলিয়ার নামে প্রচলিত ‘রাহাতিল কুলুব’ নামক বইয়ে আছে যে, ফরীদউদ্দীন গঞ্জেশক্কর বলেন: ‘‘গায়েবানা জানাজার নামাজ পড়ার বিধান রয়েছে। কেননা আমীরুল মুমেনীন হযরত হামযাহ ও অন্যান্যরা যখন শহীদ হলেন তখন হুজুর পাক (ﷺ) তাঁদের জন্য গায়েবানা জানাজার নামাজ পাঠ করেছিলেন। এমনকি প্রত্যেকের জন্য পৃথক পৃথক ভাবে পড়েছিলেন।’’[2]

এসকল কথা কি সত্যিই খাজা নিজামউদ্দীন (রাহ) লিখেছেন, না তাঁর নামে জালিয়াতি করা হয়েছে তা আমরা জানি না। তবে সর্বাবস্থায় এগুলো একেবারেই ভিত্তিহীন কথা। একজন সাধারণ মুসলিমও জানেন যে, হামযা (রা) উহদের যুদ্ধে শহীদ হন এবং রাসূলুল্লাহ (ﷺ) স্বয়ং সেখানে উপস্থিত ছিলেন।

## ফুটনোট

[1] এহইয়াউস সুনান, পৃ. ৩৩৫। আরো দেখুন: আলবানী, আহকামুল জানাইয, পৃ. ২৫২।

[2] খাজা নিজামউদ্দীন আউলিয়া, রাহাতিল কুলুব, পৃ. ১২৬ (বিংশ মাজলিস)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন